দৈনিক খবর ৩

তারিখ 09 FEB 1992
পৃষ্ঠা ... কলাম ...

পরীক্ষা হবে কি হবে না?

ডিগ্রী পরীক্ষার্থীরা উদ্বেগের মধ্যে আছে

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ৮ই ফেব্রুয়ারী। – শিক্ষকদের ধর্মঘটের কারণে আগামী সোমবার থেকে নির্ধারিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আওতাধীন কলেজসমূহের ছাত্র–ছাত্রীদের ডিগ্রী পরীক্ষা হবে কি–না তা নিয়ে প্রায় ৩৫ হাজার পরীক্ষার্থী গভীর উদ্বেগেরমধ্যেরয়েছেন।

চট্টগ্রাম বিভাগের ৭০টি কেন্দ্রে সোমবার থেকে ডিগ্রী পরীক্ষা শুরু

শেষ পৃষ্ঠায় ৮ম কলামে

ডিগ্রী পরীক্ষার্থীরা

প্রথম পৃষ্ঠার পর

হওয়ার কথা। ১৯৯১ সালের এ পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ ইতিমধ্যে সব প্রস্তুতি সম্পন্ন করেছে। কিন্তু বেসরকারী শিক্ষকদের লাগাতার ধর্মঘটের কারণে নির্ধারিত সময়সূচী অনুসারে পরীক্ষা হবে কিনা সেটা নিয়ে সংশয় সৃষ্টি হয়েছে। উল্লেখ্য যে, শিক্ষকরা তাদের দাবী পূরণ না হলে ডিগ্রী পরীক্ষা নেয়া বর্জন করা হবে বলে ঘোষণা দিয়েছেন। সোমবার জেলা সদরসমূহে শিক্ষকদের অবস্থান ধর্মঘট, সমাবেশ ও বিক্ষোভ মিছিলের কর্মসূচী রয়েছে। ১৫ দফা দাবীতে তারা আন্দোলনকরছেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক আজ রাতে বলেছেন, পরীক্ষার তারিখ এখন পর্যন্ত অপরিবর্তিত রয়েছে। চট্টগ্রামে আজ জেলা প্রশাসনের সাথে শিক্ষক নেতাদের এক বৈঠকে আগামী ডিগ্রী পরীক্ষার বিষয়টি নিয়ে আলোচনা হয়। জেলা প্রশাসনের পক্ষ থেকে তাদেরকে অনুরোধ জানানো হয়েছে পরীক্ষা নেয়ার জন্য। কিন্তু শিক্ষক নেতারা রাজী হননি।